গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.০০১.১৯- তারিখঃ -১১-২০১৯ খ্রিঃ

## ভর্তি বিজ্ঞপ্তি

**অভিন্ন ভর্তি পরীক্ষার মাধ্যমে সরকারি ও বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে ১ম বর্ষ বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান।**

ভর্তির আবেদন "বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালা ২০১৯" অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে ঃ

১. আবেদনকারিকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২. প্রার্থী যে শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই ইংরেজী সাল (২০১৯) এবং তৎপূর্ববর্তী (২০১৮) ইংরেজী সালে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ এবং ধারাবাহিকভাবে এর অব্যবহিত পূর্ববর্তী দুই ইংরেজী সালের (২০১৬ ও ২০১৭) মধ্যে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণরা আবেদনের যোগ্য হবেন।

৩. ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) ঃ বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুটি পরীক্ষায় মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় জিপিএ (গ্রেড পয়েন্ট এভারেজ) ৩.০০ এর কম হবে না এবং উভয় পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে।

৪. ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারিঃ যে কোন বিভাগ হতে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ (Grade Point Average) ৬.০০ থাকতে হবে। তবে কোন একটি পরীক্ষায় জিপিএ (Grade Point Average) ২.৫০ এর কম হবে না। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে কেবলমাত্র মহিলা প্রার্থীরাই আবেদন করতে পারবেন।

৫. অনলাইনে আবেদন পূরণ করার সময় নির্দেশাবলী নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট www.dgnm.gov.bd এবং বিএনএমসি'র ওয়েব সাইট www.bnmc.gov.bd ভালভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে।

৬. ভর্তি পরীক্ষার ফিঃ বিএসসি ইন নার্সিং কোর্সের জন্য ৭০০/-(সাতশত) টাকা এবং ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ফি হিসেবে টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে জমা দিতে হবে। অনলাইনে আবেদন এবং নিয়মানুযায়ী ফি জমা হলেই আবেদন গ্রহণযোগ্য বলে গণ্য হবে।

৭. **অনলাইনে আবেদন সংক্রান্ত তথ্যাদিঃ**
- আবেদন শুরুর তারিখঃ ১৫ নভেম্বর ২০১৯ খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকা হতে;
- অন-লাইনে আবেদনের শেষ তারিখঃ ২৯ নভেম্বর ২০১৯ খ্রিঃ সন্ধ্যা ৭.০০ ঘটিকা পর্যন্ত;
- অনলাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখঃ ৩০ নভেম্বর ২০১৯ খ্রিঃ রাত ১১.৫৯ মি. পর্যন্ত;
- প্রবেশপত্র ডাউনলোডের তারিখঃ ১৫ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ হতে ১৯ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ পর্যন্ত রাত ১১.৫৯ মি. পর্যন্ত;
- ভর্তি পরীক্ষার তারিখঃ ২০ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকা পর্যন্ত ০১(এক) ঘন্টা।

৮. নার্সিং ও মিডওয়াইফারি কোর্সসমূহে ভর্তির জন্য অনলাইন এ ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য Detail instructions for applicant) ওয়েবসাইট http://dgnm.teletalk.com.bd, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট www.dgnm.gov.bd এবং বিএনএমসি'র ওয়েব সাইট www.bnmc.gov.bd হতে জানা যাবে।

৯. ১০০ (একশত) নম্বরের ১০০ (একশত)টি MCQ (এম সি কিউ) প্রশ্নের ০১(এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

- বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তি পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বিভাজনঃ বাংলা-২০, ইংরেজী ২০, গনিত ১০, বিজ্ঞান-৩০ (জীব বিজ্ঞান, পদার্থ ও রসায়ন) এবং সাধারন জ্ঞান ২০ অর্থাৎ মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ বাংলা-২০, ইংরেজী ২০, গনিত ১০, সাধারণ বিজ্ঞান-২৫ এবং সাধারন জ্ঞান ২৫ অর্থাৎ মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষায় পাশ নম্বর হবে ৪০। পাশকৃত প্রার্থীদের মধ্যে মেধাতালিকার ভিত্তিতে সরকারি প্রতিষ্ঠানে এবং অবশিষ্ট প্রার্থীরা বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবে।
- এসএসসি (সমমান) ও এইচএসসি(সমমান) পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ৫০ নম্বর নির্ধারণ করে নিম্নলিখিতভাবে প্রার্থী মূল্যায়ন করা হবে।

| | |
|---|---|
| এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৪ গুণিতক | = ২০ নম্বর (সর্বোচ্চ) |
| এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৬ গুণিতক | = ৩০ নম্বর (সর্বোচ্চ) |

- বর্ণিত পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর নম্বর যোগকরে মেধা তালিকা প্রণয়ন করা হবে।
- লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গণ্য হবেন। শুধুমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধা তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

১০. বাংলাদেশের নাগরিক যারা বিদেশী শিক্ষা (O-Level/ A Level) কারিকুলামে এসএসসি/এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের মার্কসীটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএ-তে রুপান্তর করে Equivalence Certificate ভর্তির সময় জমা দিতে হবে। সেক্ষেত্রে তাদেরকে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলে আবেদন করে Equivalence Certificate বা সমতাকরণ সনদ গ্রহণ করতে হবে।

১১. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি/এইচএসসি পাশ করা প্রার্থীদের ক্ষেত্রে তাদের নম্বরপত্র (মার্কসীট) স্ব-স্ব শিক্ষা বোর্ড কর্তৃক সঠিকতা যাচাই (ভেরিফিকেশন) করে ০৫-১২-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে জমা দিতে হবে। অন্যথায় প্রবেশপত্র উত্তোলন করা যাবে না।

১২. মুক্তিযোদ্ধা কোটার দাবীদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৩. ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) এবং ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে বিদ্যমান মোট আসনের মধ্যে ৯০% মহিলা ও ১০% পুরুষ শিক্ষার্থী ভর্তি করা হবে।

১৪. জেলা কোটার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদ পত্র দাখিল করতে হবে।

১৫. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ বা ভুল প্রমানিত হলে, তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৬. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কেন্দ্রীয় নির্বাচন কমিটি/ ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

(আলম আরা বেগম)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
Email: info@dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০. ০০২.০১.০০১.১৯-

তারিখঃ-------------২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ,ঢাকা/ রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী/ময়মনসিংহ মেডিকেল কলেজ,ময়মনসিংহ/ চট্টগ্রাম মেডিকেল চট্টগ্রাম/রংপুর মেডিকেল কলেজ, রংপুর/ এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট/ শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল/ খুলনা মেডিকেল কলেজ, খুলনা।

৪। পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। ডিন, মেডিকেল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। উপসচিব (নার্সিং), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮। সচিব এর একান্ত সচিব,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,ঢাকা।
৯। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা।
১০। পরিচালক (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১১। অধ্যক্ষ, ঢাকা নার্সিং কলেজ, ঢাকা/ রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী /ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ/ চট্টগ্রাম নার্সিং কলেজ,চট্টগ্রাম/রংপুর নার্সিং কলেজ, রংপুর/ সিলেট নার্সিং কলেজ, সিলেট/ বরিশাল নার্সিং কলেজ, বরিশাল/খুলনা নার্সিং ইনস্টিটিউট, খুলনা।
১২। উপপরিচালক (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৩। পি এ টু মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

(আলম আরা বেগম)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।